ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৯৩
আগরতলা, ২৯ আগস্ট, ২০২৫

**খারিফ মরশুমে পশ্চিম জেলায় এখন পর্যন্ত ১৪,৬৮৮ হেক্টর জমি বিভিন্ন চাষের আওতায়**

খারিফ মরশুমে চলতি অর্থবছরে পশ্চিম জেলার অন্তর্গত জিরানীয়া, পুরাতন আগরতলা, বেলবাড়ি, মান্দাই, মোহনপুর, লেফুঙ্গা, বামুটিয়া, হেজামারা ও ডুকলি কৃষি মহকুমা এলাকায় ৩৪৪ হেক্টর আয়ুশ ধান, ১৫৫০০ হেক্টর আমন ধান, ১৩৩৮ হেক্টর ভুট্টা ও ৪০৫ হেক্টর সংকর জাতীয় ভুট্টা চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরমধ্যে এখন পর্যন্ত ৫৪ হেক্টর জমি আয়ুশ ধান, ১১,২৪৮ হেক্টর জমি উচ্চফলনশীল আমন ধান, ২৩০১ হেক্টর জমি সংকর জাতীয় আমন ধান, ২৭৪ হেক্টর জমি আমন ধান, ১৮১ হেক্টর জমি সংকর জাতীয় ভুট্টা এবং ৬৩০ হেক্টর জমি ভুট্টা চাষের আওতায় এসেছে। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পশ্চিম জেলা কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।
*****